

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়
মাস্টিন উদ্দিন মঞ্জিল, হোল্ডিং নং-০২১৬-০১।
লক্ষ্মীনারায়নপুর, মাইজদী কোর্ট, নোয়াখালী।

Email: noakhaliidnc@gmail.com; web: www.dnc.noakhali.gov.bd

নং-৫৮.০২.৭৫০০.১১১.০৭.০০৫.২৩-১০৩১

তারিখ : ২৬/১০/২০২৩ খ্রি।

দরপত্র/ কোটেশন বিজ্ঞপ্তি

বিষয় : একটি ডুপ্লেক্স ফটোকপি মেশিন ও ছয়টি সিসি ক্যামেরা (IP Camera) সরবরাহকরণ।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ০৫/০৯/২০২৩ খ্রি: তারিখে ৩০২৭ নং স্মারকে প্রেরিত বাজেট বরাদ্দ পত্র মোতাবেক নোয়াখালী জেলা কার্যালয়ের চলতি (২০২৩-২০২৪) অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় অত্র জেলা কার্যালয়ের দাপ্তরিক কাজের গতিশীলতা আনয়নে ০১ (একটি) ডুপ্লেক্স ফটোকপি মেশিন ক্রয় এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে সন্দিগ্ধ নাশকতা প্রতিরোধ/ চিহ্নিতকরণে তথা জেলা কার্যালয়ের (আউটার- ইনারের) নিরাপত্তা জোরদার করণের লক্ষ্যে ০৬(ছয়) টি সিসি ক্যামেরা (IP Camera) সরবরাহের জন্য “কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ)” পদ্ধতিতে আগ্রহী প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে কোটেশন আহ্বান করা যাচ্ছে। প্রদত্ত শর্তাবলী পূরণসাপেক্ষে আগ্রহী প্রকৃত প্রতিষ্ঠানকে নির্ধারিত ছক পূরণপূর্বক নিজস্ব প্যাডে আগামী ০৮/১১/২০২৩ খ্রি: তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী বরাবর সীলমোহরকৃত খামে নিম্নবর্ণিত শর্তাবলী অনুযায়ী কোটেশন/দরপত্র দাখিল করতে হবে।

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ	দর (প্রতিটি)	সর্বমোট (টাকা)
০১।	ডুপ্লেক্স ফটোকপি মেশিন (Sharp AR-7024D) Multifunctional Duplex Photocopier	০১ টি		
০২।	সিসি ক্যামেরা ((IP Camera 2MP 2.8MM INDOOR DAHUA DH-IPC-HDW1230T I)	০৬ টি		

শর্তাবলী :

১. দরপত্র/কোটেশন এর সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সমর্থনে সনদপত্র, TIN নম্বরসহ আয়কর প্রদানের সনদপত্র এবং ভ্যাট নিবন্ধন সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।
২. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিকৃত আইটেমের পরিমাণ বাড়ানো বা কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।
৩. দর উল্লেখ করার সময় টাকার পরিমাণ অংকে ও কথায় লিখতে হবে এবং কোটেশন/দরপত্রে কোন কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য নয়। একক দর ও মোট দরের মধ্যে কোন গরমিল দেখা দিলে একক দর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
৪. অবশ্যই সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।
৫. অন্যান্য শর্ত যা সংশ্লিষ্ট অফিস তার কাজ সম্পাদন করার ক্ষেত্রে প্রয়োজন মনে করবে তা সংযুক্ত করতে পারবে।
৬. দরপত্র/কোটেশনসমূহ আগামী ০৮/১১/২০২৩ খ্রি: তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যেসহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালীতে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করা যাবে। নির্ধারিত সময় উত্তীর্ণের পর কোন অবস্থাতেই কোনদরপত্র/কোটেশন গ্রহণ করা হবে না। একই দিন বেলা ১২.৩০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে।
৭. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন কোটেশন/দরপত্র গ্রহণ এবং সকল কোটেশন/দরপত্র পূর্ণ বা আংশিক বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
৮. সরবরাহকৃত ডুপ্লেক্স ফটোকপি মেশিন ও সিসি ক্যামেরা (IP Camera) কোন ত্রুটি ধরা পড়লে ও সিডিউল মোতাবেক দরপত্র মূল্যায়ন কমিটি অভিমত ব্যক্ত করলে তা অবশ্যই সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে ও নিজ খরচে পরিবর্তন করে দিতে বাধ্য থাকবে। এ ক্ষেত্রে কোনরূপ ওজর আপত্তি গৃহীত হবে না।

৯. সরবরাহকৃত প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে সিডিউল মোতাবেক একটি ডুপ্লেক্স ফটোকোপি মেশিন ও ছয়টি সিসি ক্যামের (IP Camera) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালীতে সরবরাহ করে বিল দাখিল করতে হবে। বিলের টাকা সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হতে চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।
১০. শর্ত ভঙ্গের কারণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কোন ক্ষতির উদ্ভব ঘটলে সেই ক্ষতির দ্বিগুন পরিমাণ আদায়ে অধিদপ্তরের ক্ষমতা থাকবে এবং এটি গণদাবী (Public Demand) হিসাবে গণ্য হবে।
১১. দাখিলকৃত বিলের বিপরীতে সরকার নির্ধারিত নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে। এতে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য নয়।

(মোহাম্মদ আবদুল হামিদ)

সহকারী পরিচালক

ফোন-০২৩৩৪৪৩৩৯৯৯।

তারিখ : ২৬/১০/২০২৩ খ্রি।

নং-৫৮.০২.৭৫০০.১১১.০৭.০০৫.২৩- ১০৩১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ:

- ১। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নোয়াখালী (নোটিশ বোর্ডে টানানোর সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল)।
- ৩। পুলিশ সুপার, নোয়াখালী (নোটিশ বোর্ডে টানানোর সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল)।
- ৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম (নোটিশ বোর্ডে টানানোর সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল)।
- ৫। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইট www.dnc.gov.bd এ প্রচারে সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল)।
- ৬। জেলা তথ্য অফিসার, নোয়াখালী (সদস্য মনোনয়নপূর্বক যথাসময়ে সভায় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল)।
- ৭। নিবাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নোয়াখালী (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নপূর্বক যথাসময়ে সভায় অংশগ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল)।
- ৮। সহকারী পরিচালক, বিআরটিএ, নোয়াখালী (প্রতিনিধি মনোনয়নপূর্বক যথাসময়ে সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ৯। জনাব.....।
- ১০। অত্রাফিসের নোটিশ বোর্ড।

(মোহাম্মদ আবদুল হামিদ)

সহকারী পরিচালক

ফোন-০২৩৩৪৪৩৩৯৯৯।